

জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।
Website : janatabank-bd.com

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং- ২২২৩৩৮৭১৬৮

নির্দেশ বিজ্ঞপ্তি নং-১১২৩/২২

তারিখঃ ০৮ জুন ২০২২ ইং
২৫ জ্যৈষ্ঠ ১৪২৯ বাং

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ অত্র ব্যাংকের বিভিন্ন হিসাবে (চলতি, সঞ্চয়ী, এসএনডি ইত্যাদি) অনলাইন লেনদেনের ক্ষেত্রে সার্ভিস চার্জ/কমিশন
হ্রাসকরণ ও ক্যাশ কাউন্টারে নেয়ার পরিবর্তে বছর শেষে গ্রাহকের হিসাব হতে এককালীন কর্তন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


গ্রাহক সন্তুষ্টি, শাখা পর্যায়ের অনুরোধ, প্রতিযোগিতামূলক ব্যাংকিং ব্যবসার ভবিষ্যৎ সম্ভাবনা, ব্যাংকার-গ্রাহক সম্পর্ক উন্নয়ন,
ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সুপারিশের প্রেক্ষিতে বোর্ড অব ডিরেক্টরস এর ২৪/০৫/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত ৭১৮তম সভায়
অত্র ব্যাংকের বিভিন্ন হিসাবে (চলতি, সঞ্চয়ী, এসএনডি ইত্যাদি) অনলাইন লেনদেনের ক্ষেত্রে বছর শেষে ডিসেম্বর হিসাব
সমাপনীতে গ্রাহকের হিসাব হতে নিম্নোক্ত ছকে বর্ণিত হারে এককালীন সার্ভিস চার্জ/কমিশন কর্তন করার অনুমোদন দেয়া
হয়।

ক্রঃ নং	বাৎসরিক অনলাইন লেনদেন সংখ্যা	বাৎসরিক অনলাইন সার্ভিস চার্জ/কমিশন (ভ্যাট ব্যতীত)
১।	১ থেকে ১৫ টি লেনদেন	১০০.০০ টাকা
২।	১৬ থেকে ৩০ টি লেনদেন	৩০০.০০ টাকা
৩।	৩১ ও তদূর্ধ্ব লেনদেন	৫০০.০০ টাকা

উপরিউক্ত ছকে বর্ণিত হারে অনলাইন লেনদেনের ক্ষেত্রে বছর শেষে ডিসেম্বর হিসাব সমাপনীতে গ্রাহকের হিসাব হতে
এককালীন সার্ভিস চার্জ/কমিশন কর্তন করার নির্দেশনা জারি করা হলো। উল্লেখ্য যে, Master Circular on Schedule of
Charges সংশ্লিষ্ট নির্দেশ বিজ্ঞপ্তি নং-১০৭৪/২১ তারিখঃ ২৩/০৯/২০২১ এর (খ) নং (হিসাব সংক্রান্ত ও অন্যান্য) এর ১৪ নং
ক্রমিকে উল্লিখিত অনলাইন লেনদেনের চার্জ হার বাতিল করা হলো।

এ নির্দেশনা ০১/০৭/২০২২ তারিখ থেকে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,


জায়েদা বেগম
উপ-মহাব্যবস্থাপক


শ্যামল কুমার সাহা
মহাব্যবস্থাপক